দৈনিক সংবাদ

তারিখ 27 DEC 1993
পৃঃ 2 কলাম 6

# পরীক্ষা না নিয়েও নম্বর প্রদান

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজশাহী, ২৬শে ডিসেম্বর।– রাজশাহী বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা নেয়ার দায়িত্ব পালন না করেও কয়েকজন পরীক্ষক নম্বর প্রদান করেছেন, এমন একটি ঘটনা ফাঁস হয়েছে। মনোবিজ্ঞান বিষয়ের '৮৯ সালের মাষ্টার্স ফাইনাল ব্যবহারিক পরীক্ষার ক্ষেত্রে এ ঘটনা ঘটেছে।

ঐ পরীক্ষা কমিটির ৪ জন সদস্যের মধ্যে ২ জন সদস্য গত ১৯শে ডিসেম্বর পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে জানিয়েছেন যে, ঐ বিষয়ের ব্যবহারিক পরীক্ষার পরীক্ষকগণ ল্যাবরেটরীতে দায়িত্ব পালন করেননি। কিন্তু পরবর্তীতে ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রদান করেছেন। জানা যায়, ঃ ঐ পরীক্ষকগণ ব্যবহারিক পরীক্ষার দিন প্রথম বর্ষ ভর্তি পরীক্ষার দায়িত্ব পালন করেছিলেন।

মজার ব্যাপার ঃ ঐ গুরুতর অভিযোগপত্রটির জবাবে পরীক্ষা নিয়ন্ত্রক প্রাপ্ত ঐ নম্বরের ভিত্তিতেই ফলাফল তৈরি করতে পরীক্ষা কমিটিকে বলেছেন।

ঘটনাটি শিক্ষক-ছাত্র মহলে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে।

INFORMATION AND STATISTICS